

**ঢা.বি ছাত্রদলের ৯ নেতার পদত্যাগ**

**সন্ত্রাসী, অছাত্র ও শিবির কর্মীদের**  
**কমিটিতে রাখার জের**

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক : ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি থেকে ছাত্রদল নেতাদের পদত্যাগের বিতর্ক গড়েছে। মঙ্গলবার পর্যন্ত ৯ জন নেতা ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি থেকে পদত্যাগ করেছেন। সন্ত্রাসী, অছাত্র ও শিবির কর্মীদের কমিটিতে রাখার প্রতিবাদে এই নেতারা পদত্যাগ করেছেন বলে জানা গেছে। রোববার ছাত্রদলের ৮১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি যোষণার পর থেকেই নেতা-কর্মীদের মধ্যে তীব্র প্রতিজ্ঞার সৃষ্টি হয়। মধুর ক্যাডিনে সোমবার সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের সামনে নেতা-কর্মীরা ছাত্রদল : পৃঃ ২ কঃ ৬

**ছাত্রদল : ৯ নেতার**  
( ১ম পৃষ্ঠার পর )

জাতির চাপায়। এই দিনই ঢাকা নেতা ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক হাসান মামুনের কাছে পদত্যাগপত্র জমা দেন। গতকাল-আরও ৫ নেতা পদত্যাগ করেছেন। এ নিয়ে গত দু'দিনে ৯ জন পদত্যাগ করলেন। পদত্যাগকারীরা হলেন মোস্তাফিজ সোহেল, নীরব, গাফফার, কুতুবুদ্দিন, নজরুল, সবি, মোমিন, পিটন ও অনি। পদত্যাগকারী নেতা-কর্মীরা বর্তমান কমিটি জেতে নিয়মিত ছাত্র ও ত্যাগীদের দিয়ে নতুন কমিটির গঠনের দাবি করেছেন। ছাত্রদল কেন্দ্রীয় নেতৃবৃন্দ পদত্যাগকারী নেতা-কর্মীদের সংগঠন আঙ্গীকন বহিষ্কার ও ৫৪ ধারায় পুলিশে ধরিয়ে দেয়ার হুমকি দিয়েছেন বলে তারা অভিযোগ করেছেন।